

# বর্ষা

---

ফুটো চালে পলিথিন না ঢেকে

ঘর ছেড়ে চলে যাবে নিরীহ মানুষ।

চলে যাবে পৌরপ্রধান ত্রিপল বিলিতে

–আসন্ন বসবে: আষাঢ়ে গল্প আর মুচমুচে কথা

পরিবেশন করবে বেতার সুন্দরী।

আর আমি?

রাস্তায় ভিজতে ভিজতে ভাবব--

ভাবব ‘বর্ষা’ শ্রবণে কবি কেন ব্যাঙের বিয়ে নিয়ে

একটা গোটা পাতা ব্যয় করেছিলেন।